

৬ষ্ঠ অধ্যায়
ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম
মডেল-০২

১.► একটি কলেজের কর্তৃপক্ষ ব্যক্তিগত তথ্য এবং বিভিন্ন পরীক্ষায় ছাত্রদের রেজাল্টের তথ্য দুটি টেবিলের মাধ্যমে সংরক্ষণ করে ডেটাবেস তৈরি করেছে। কর্তৃপক্ষ ছাত্রদের ব্যক্তিগত তথ্য সটিংয়ের মাধ্যমে এবং রেজাল্টের তথ্য ইনডেক্সিং করে সাজিয়ে উপস্থাপন করেন। অনাকাঙ্ক্ষিত ব্যক্তি কর্তৃক ডেটাবেসটি যেন নষ্ট না হয় সেজন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন।

ক. কুয়েরী কী?

১

খ. “অফিসের কাজে RDBMS ব্যবহার করা হলে বিভিন্ন ধরনের সুবিধা পাওয়া যায়”- ব্যাখ্যা কর। ২

গ. কর্তৃপক্ষের গৃহীত বিশেষ ব্যবস্থা কী হতে পারে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত তথ্য উপস্থাপন পদ্ধতি দুটির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

২.► একটি ডেটাবেজে ২টি টেবিল আছে, stu টেবিলে roll, name, addr ও phone নামে ৪টি ফিল্ড আছে info নামের অন্য একটি টেবিলে roll, bangla, eng, phy, che ও ict নামের ৬টি ফিল্ড আছে। উভয় টেবিলে roll ফিল্ডটি প্রাইমারী কী। ফলাফলশীট করার জন্য উভয় টেবিলে সম্পর্ক তৈরি করা হলো। যারা bangla ও eng-এ ৫০ এর বেশি নম্বর পেয়েছে অথবা phy, che ও ict-এ ৭০ এর বেশি নম্বর পেয়েছে তাদেরকে আলাদা করা হলো।

ক. DBA কী?

১

খ. ডেটা ট্রান্সমিশনে নির্দিষ্ট নিয়মে এলোমেলো করে পাঠানো অধিকতর নিরাপদ-ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ফলাফলশীট করার জন্য কোন ধরনের রিলেশন করা হয়েছে?- বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকের দেয়া শর্ত অনুযায়ী ডেটা পৃথক করার জন্য যে কমান্ডটি ব্যবহার করা হয়েছে তা বিশ্লেষণ পূর্বক মতামত দাও। ৪